

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ৪২৬২

আগরতলা, ১৬ ডিসেম্বর, ২০২৩

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের শিল্প বিষয়ক স্থায়ী কমিটির সভা

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের কনফারেন্স হলে আজ জিলা পরিষদের শিল্প বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি হরিদুলাল আচার্য। সভায় স্থায়ী কমিটির সদস্যগণ ও সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। সভায় শিল্প ও বাণিজ্য দপ্তরের প্রতিনিধি জানান, চলতি অর্থবছরে জেলায় প্রধানমন্ত্রী কর্মসংস্থান নিশ্চয়তা প্রকল্পে ৫৯১ জনকে খণ্ড দেওয়ার লক্ষ্যমাত্রা রয়েছে। এখন পর্যন্ত বিভিন্ন ব্যাক্সে ১৯৫ জনের আবেদনপত্র স্পনসর করা হয়েছে। এরমধ্যে ৭২ জনের খণ্ড মঞ্চুর হয়েছে। তাছাড়া স্বাবলম্বন প্রকল্পে চলতি অর্থবছরে জেলায় ১,০১৪ জনকে খণ্ড দেওয়ার লক্ষ্যমাত্রা রয়েছে। এখন পর্যন্ত বিভিন্ন ব্যাক্সে ১,৩০২ জনের আবেদনপত্র স্পনসর করা হয়েছে। এরমধ্যে ১৮৩ জনের খণ্ড মঞ্চুর হয়েছে। সভায় হস্ততাঁত, হস্তকারু ও রেশম শিল্প দপ্তরের প্রতিনিধি জানান, জেলায় গত নভেম্বর ও ডিসেম্বর মাসে ১,৭০০ কিলোগ্রাম রেশম গুটি উৎপাদন হয়েছে। রেশমচাষীরা এই গুটি বিক্রয় করে প্রায় ৩ লক্ষ টাকা আয় করেছেন। সভায় জানানো হয়, জাতীয় হস্ততাঁত উন্নয়ন নিগম থেকে বিভিন্ন সমবায় সমিতিগুলিকে ৯ লক্ষ ৬৭ হাজার ১৬ টাকার সুতা সহায়কমূল্যে সরবরাহ করা হয়েছে। সভায় ত্রিপুরা হস্ততাঁত, হস্তকারু উন্নয়ন নিগমের প্রতিনিধি জানান, চলতি অর্থবছরে নভেম্বর মাস পর্যন্ত ২ কোটি ৯১ লক্ষ ২২ হাজার ৬৯৮ টাকার হস্ততাঁত ও হস্তকারু শিল্প সামগ্রী বিক্রয় হয়েছে।

\*\*\*\*\*